প্রথম আলো

রাজনীতি

# পোস্টাল ব্যালটে প্রবাসীদের ভোট নেওয়ার সিদ্ধান্ত হয়েছে: ইসি

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ২৩: ২৬



নির্বাচন *প্রতীকী ছবি*

ত্রয়োদশ সংসদ নির্বাচনে প্রবাসীদের অনলাইনে নিবন্ধন করে পোস্টাল ব্যালটে ভোট নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। এ ছাড়া আর কোনো নির্বাচনে ইভিএম ব্যবহার না করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে কমিশন।

আজ বৃহস্পতিবার ইসির সভা শেষে এ সিদ্ধান্তের কথা সাংবাদিকদের জানিয়েছেন নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ। তিনি বলেন, ‘এবার সংসদ নির্বাচনে পোস্টাল ব্যালটের মাধ্যমে প্রবাসীদের ভোটাধিকার প্রয়োগের ব্যবস্থা করা হবে। এ ছাড়া ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) আর কোনো নির্বাচনে ব্যবহার হবে না।’

এর আগে প্রবাসীদের ভোট গ্রহণের জন্য তিনটি বিকল্প পদ্ধতি (প্রক্সি ভোট, অনলাইন অথবা পোস্টাল ব্যালট) নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতবিনিময় করেছিল ইসি। সেখানে বেশির ভাগ দলই প্রক্সি ও অনলাইন ভোটের বিরোধিতা করেছিল। সর্বশেষ ইসি পোস্টাল ব্যালটে ভোটের বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে।

সংবাদ ব্রিফিংয়ে প্রবাসীদের ভোটাধিকারের বিষয়ে নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, অনলাইন নিবন্ধনের জন্য একটি প্রকল্প নেওয়া হবে। সেই সঙ্গে অনলাইনে নিবন্ধন করলে ইসি সরাসরি পোস্টাল ব্যালট সংশ্লিষ্ট ভোটারের কাছে পাঠাবে। ভোটদান শেষে তা সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় রিটার্নিং কর্মকর্তার কাছে পৌঁছে দেওয়া হবে। তিনি বলেন, ‘প্রবাসীদের জন্য পোস্টাল ব্যালটে ভোট হবে, আগে যেমন ব্যালট পাঠানো হতো। এবার হবে আইটি সাপোর্টেড, এ জন্য আগেই অনলাইনে নিবন্ধন করতে হবে।’ এ-সংক্রান্ত একটি প্রকল্প নেওয়া হবে, এ জন্য ৪৮ কোটি টাকা সম্ভাব্য ব্যয় ধরা হয়েছে বলেও জানান এই নির্বাচন কমিশনার।

আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, ‘একটা প্রস্তাব আছে সঙ্গে সঙ্গেই ব্যালট প্রিন্ট করা হবে, আরেকটা প্রস্তাব হচ্ছে ব্ল্যাংক ব্যালট। সেখানে প্রার্থীর নাম লিখে ভোটার পাঠিয়ে দেবে। আমরা যদি মার্কা ব্যালটে ছাপিয়ে দুই মাস আগে ব্যালট পাঠাই, যাতে মার্কায় ভোট দিয়ে দেয়। এসব প্রস্তাব আছে। প্রবাসী ভোটারদের রেজিস্ট্রেশনের জন্য আলাদা প্রকল্প হবে, আমরা ট্রায়াল প্রসেসে যেতে পারব।’

বর্তমান ইসি দায়িত্ব নেওয়ার পর আগেই জানিয়েছিলেন, সংসদ নির্বাচনে ইভিএম ব্যবহার করা হবে না। আজকের বৈঠকে সিদ্ধান্ত হয় স্থানীয় নির্বাচনেও ইভিএম ব্যবহার করা হবে না। পৃথক কমিটি গঠনের মাধ্যমে ইভিএমের বিষয়টি নিষ্পত্তি করা হবে বলে জানান নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ।

আজ বেলা ১১ টায় আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সিইসি এ এম এম নাসির উদ্দিনের সভাপতিত্বে কমিশনের সভা শুরু হয়। এতে চার নির্বাচন কমিশনার, ইসি সচিবসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিকেলে সভার সিদ্ধান্ত সাংবাদিকদের জানানো হয়। সভায় গণপ্রতিনিধিত্ব আদেশ, নির্বাচন কর্মকর্তা বিশেষ আইন, হলফনামা, ইসি সচিবালয় আইন, দল নিবন্ধন অগ্রগতি, ভোটার তালিকা হালনাগাদ, সীমানা নির্ধারণসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো | সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান